**বৈদেশিক মুদ্রা নীতি বিভাগ**
বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়
ঢাকা।
www.bb.org.bd

এফই সার্কুলার নম্বর **১২**

তারিখ : ০৫ চৈত্র ১৪২৬ / ১৯ মার্চ ২০২০

সকল অনুমোদিত ডিলার ব্যাংকের
প্রধান কার্যালয়/প্রিন্সিপাল অফিস।

প্রিয় মহোদয়,

**বস্ত্রখাতে নগদ সহায়তার আবেদনপত্রের সাথে পরিবহন ডকুমেন্ট দাখিল প্রসঙ্গে।**

বস্ত্রখাতে নগদ সহায়তা পরিশোধ বিষয়ে ৫ মার্চ ২০০১ তারিখে জারিকৃত এফই সার্কুলার নম্বর ০৯ এবং এতদবিষয়ে পরবর্তী সময়ে বিশেষ প্রণোদনাসহ জারিকৃত সকল এফই সার্কুলার/সার্কুলারপত্রের প্রতি দৃষ্টি আকর্ষণপূর্বক জানানো যাচ্ছে যে, নগদ সহায়তার আবেদনপত্রের সাথে বিল অব লেডিং/এয়ার ওয়েবিল দাখিলের আবশ্যকতার বিষয়ে সংশ্লিষ্ট এফই সার্কুলারে নির্দেশনা জ্ঞাপিত রয়েছে। এক্ষণে এ মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়েছে যে, নগদ সহায়তার আবেদনপত্রের সাথে বিল অব লেডিং/এয়ার ওয়েবিল কিংবা স্থল/রেলপথে পণ্য পরিবহনের ক্ষেত্রে ট্রাক/রেলওয়ে রিসিপ্টের পাশাপাশি ক্ষেত্রমতে রপ্তানি বাণিজ্যে অনুসৃত ব্যবস্থা হিসেবে ফ্রেইট ফরোয়ার্ডিং প্রতিষ্ঠানের ইস্যুকৃত ডকুমেন্ট (এফসিআর/হাউস বিএল/হাউস এয়ার ওয়েবিল) নিম্নোক্ত শর্ত সাপেক্ষে গ্রহণযোগ্য হবে :

ক) রপ্তানি ঋণপত্র/চুক্তিপত্রে উল্লিখিত শর্তানুযায়ী ফ্রেইট ফরোয়ার্ডিং প্রতিষ্ঠানের ইস্যুকৃত ডকুমেন্ট গ্রহণযোগ্য হতে হবে;

খ) ডকুমেন্ট ইস্যুকারী ফ্রেইট ফরোয়ার্ডিং প্রতিষ্ঠানের অনুকূলে লাইসেন্সিং কর্তৃপক্ষের ইস্যুকৃত লাইসেন্স হালনাগাদ থাকতে হবে;

গ) দাখিলকৃত ডকুমেন্টে ইএক্সপি ফরমের নম্বরসহ পণ্য জাহাজীকরণ সম্পর্কিত তথ্যাদি উল্লেখ থাকতে হবে;

ঘ) আবেদনপত্র প্রক্রিয়াকরণের পূর্বে সংশ্লিষ্ট ব্যাংককে স্থানীয়ভাবে/আন্তর্জাতিকভাবে স্বীকৃত ট্র্যাকিং পদ্ধতিতে সংশ্লিষ্ট পণ্য জাহাজীকরণের বিষয়ে নিশ্চিত হতে হবে এবং উক্ত তথ্যের প্রিন্ট-আউট আবেদনপত্রের সাথে সংযুক্ত করতে হবে;

ঙ) রপ্তানি আদেশ প্রদানকারী থেকে বা রপ্তানি আদেশ প্রদানকারীর সাথে সুনির্দিষ্ট ব্যবসায়িক সম্পর্ক রয়েছে এরূপ উৎস থেকে (এক্সচেঞ্জ হাউস ব্যতীত) রপ্তানিমূল্য প্রাপ্তির বিষয়টি নিশ্চিত হতে হবে।

২। সার্কুলারটি **১** জুলাই **২০১৯** তারিখ থেকে কার্যকর হবে।

বিষয়টি সংশ্লিষ্ট সকল পক্ষকে অবহিত করার জন্য অনুরোধ করা যাচ্ছে।

আপনাদের বিশ্বস্ত,

(মোহাম্মদ খুরশীদ ওয়াহাব)
মহাব্যবস্থাপক
ফোন : ৯৫৩০১২৩